# AEON "ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনের" গোপনীয়তা নীতি

AEON কোম্পানি লিমিটেড（নিচে, "AEON" নামে উল্লিখিত।）এবং The Global Alliance for Sustainable Supply Chain （নিচে, "ASSC" নামে উল্লিখিত।）, "ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনের"（ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনে ব্যবহৃত, ASSC কর্তৃক সরবরাহ করা স্মার্টফোনের জন্য অ্যাপ Genba-Wise（নিচে, "Genba-Wise" নামে উল্লিখিত।）অন্তর্ভুক্ত।）ব্যক্তিগত তথ্য নিয়ন্ত্রণ করার জন্য নিচের নীতিমালা নির্ধারণ করেছে।

উপরন্তু, এই পাঠ্য অংশ বা টেক্সটের শব্দ বা পরিভাষার সংজ্ঞা, ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা আইন（নিচে, "ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা আইন" নামে উল্লিখিত।）এবং সম্পর্কিত আইন অনুসারে সংজ্ঞায়িত হবে।

## 1 সম্পর্কিত আইন এবং নির্দেশাবলী মেনে চলা

AEON এবং ASSC, ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা আইন ও অন্যান্য সম্পর্কিত আইন, ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা আইন কমিটি কর্তৃক নির্ধারিত নির্দেশাবলী ইত্যাদি, EU সাধারণ তথ্য নিরাপত্তা বিধিমালা GDPR অন্যান্য প্রযোজ্য প্রাসঙ্গিক আইন এবং এই গোপনীয়তা নীতি （নিচে, "এই নীতিমালা" নামে উল্লিখিত।）মেনে চলে ব্যক্তিগত তথ্য আইনত এবং সঠিকভাবে নিয়ন্ত্রণ করবে।

এই নীতিমালা, প্রযোজ্য আইন ও বিধিমালার ভিত্তিতে, পরিবর্তিত হতে পারে।

## **2** ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা

AEON এবং ASSC, ব্যবহারকারীর কাছ থেকে ASSC এর নিকট প্রদান করা ব্যক্তিগত তথ্য, AEON এবং ASSC কর্তৃক পরিচালিত ব্যবসার পরিসীমা মধ্যে, আইনত এবং সঠিক উপায়ে সংগ্রহ করবে।

ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইন ব্যবহার করা হলে, AEON এবং ASSC ব্যবহারকারীকে নিম্নলিখিত তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করতে পারে।

（1） সরাসরি ব্যবহারকারীর কাছ থেকে প্রাপ্ত তথ্য

- বয়স বা জন্ম তারিখ
- পুরো নাম
- ইমেইল ঠিকানা
- অ্যাকাউন্টে অ্যাক্সেস করা ব্যক্তির পরিচয় যাচাই করার জন্য পাসওয়ার্ডের মতো অন্যান্য তথ্য
- AEON বা ASSC কর্তৃক Genba-Wise বা ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত নির্ধারিত তথ্য
- অন্যান্য AEON বা ASSC কর্তৃক নির্দিষ্ট করা ব্যবহারকারী সম্পর্কিত তথ্য

（2） ডিভাইসের তথ্য

ব্যবহারকারী ডিভাইস বা মোবাইল ডিভাইসে ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইন ব্যবহার করলে, AEON বা ASSC ডিভাইস সনাক্তকারী, মোবাইল ডিভাইস সনাক্তকারী, এবং আইপি ঠিকানা সংগ্রহ করতে পারে। এছাড়াও, AEON বা ASSC, ব্যবহারকারী ডিভাইসের সাথে যুক্ত

নাম, ডিভাইসের ধরণ, ফোন নম্বর, দেশ ও ব্যবহারকারীর নাম, বা ইমেল ঠিকানা ইত্যাদি, ব্যবহারকারী কর্তৃক নির্বাচিত ও প্রদান করা অন্যান্য সব ধরণের তথ্য সংগ্রহ করতে পারে।

(3) অবস্থানের তথ্য

ব্যবহারকারী ডিভাইস বা মোবাইল ডিভাইসে ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইন ব্যবহার করে, সেখানে অবস্থানের তথ্য প্রদানে সম্মত হলে, AEON বা ASSC, ব্যবহারকারীর বর্তমান অবস্থান সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারে।

(4) ব্যবহারকারীর কার্যকলাপ সম্পর্কিত তথ্য

AEON এবং ASSC, ব্যবহারকারী AEON এবং ASSC এর পরিষেবা ব্যবহার করার সময়, সরাসরি AEON বা ASSC নিকট প্রদান করা তথ্য এবং ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনের সেবা প্রদানকারী তৃতীয় পক্ষের পরিষেবা সরবরাহকারীর মাধ্যমে প্রদান করা তথ্য সংগ্রহ বা সংরক্ষন করতে পারে। ব্যবহারকারীর ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইন ব্যবহারের পরিস্থিতি এবং অন্যান্য ব্যবহারকারীর বিনিময় সম্পর্কিত তথ্যও গ্রহণ করা হতে পারে।

(5) যোগাযোগের ফাংশন

ব্যবহারকারী ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনের মাধ্যমে, অন্যান্য ব্যবহারকারীর সাথে যোগাযোগ করে, তথ্য (পাঠ্য বা টেক্সট, ইউজার প্রোফাইল, বার্তা, ফটো, চিত্র, অডিও, ভিডিও, অ্যাপ্লিকেশন এবং অন্যান্য তথ্যের বিষয়বস্তু অন্তর্ভুক্ত) শেয়ার করার মত কিছু নির্দিষ্ট কর্মকাণ্ডে অংশগ্রহণ করলে, AEON এবং ASSC, এই সকল যোগাযোগের তথ্যের আর্কাইভ রেকর্ড এবং সংরক্ষণ করতে পারে।

(6) কুকি ব্যবহার করে তথ্য সংগ্রহ করা

ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনে অ্যাক্সেস করার সময়, AEON এবং ASSC নিম্নলিখিত নির্দিষ্ট প্রযুক্তিগত তথ্য সংগ্রহ করবে। AEON এবং ASSC, এবং অন্যান্য প্রতিনিধিত্বকারী পরিষেবা প্রদানকারী, লগ ফাইল এবং ট্র্যাকিং প্রযুক্তি ব্যবহার করে, কুকি, আইপি ঠিকানা, কম্পিউটারের ধরণ, মোবাইল কম্পিউটারের শনাক্তকারী, ব্রাউজারের ধরণ, ব্রাউজারের ভাষা, রেফারেন্স পেজ এবং প্রস্থান পেজ, প্ল্যাটফর্মের ধরণ, ক্লিকের সংখ্যা, ডোমেইনের নাম, ল্যান্ডিং পেজ, পেজ দেখার সংখ্যা ও পেজ দেখার বিন্যাস, প্রতিটি পেজের URL, নির্দিষ্ট পেজ দেখার সময়, অ্যাপ্লিকেশন বা ওয়েবসাইটের পরিস্থিতি এবং ASSC এর অ্যাপস বা ওয়েবসাইটে কর্মকাণ্ডের তারিখ ও সময়, এবং অন্যান্য তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করবে। অভ্যন্তরীণভাবে ব্যবহারের উদ্দেশ্যে, এই তথ্য ব্যবহারকারীর আইডি নম্বরের সাথে যুক্ত করা হতে পারে। এছাড়াও ASSC, (i) নির্দিষ্ট পেজ ব্রাউজ করা হয়েছে কিংবা হয়নি, বা ইমেলটি খোলা হয়েছে কিনা তা পরীক্ষা করার জন্য ওয়েব বীকন, (ii) নির্দিষ্ট প্রচারমূলক বার্তা থেকে বিদ্যমান ব্যবহারকারীদের থেকে বাদ দেওয়া, নতুন ইনস্টলেশনের উত্স সনাক্ত করা বা অন্যান্য ওয়েবসাইটে ব্যবহারকারীদের বিজ্ঞাপন প্রদান করার মাধ্যমে, বিজ্ঞাপনগুলি আরও কার্যকরভাবে হিট করাকে সক্ষম করে তোলা ট্র্যাকিং পিক্সেল সমেত অন্যান্য প্রযুক্তি ব্যবহার করতে পারে।

(7) বাহ্যিক পরিষেবাগুলির সাথে লিঙ্ক করে অর্জিত তথ্য

বাহ্যিক পরিষেবায় ব্যবহারকারী কর্তৃক ব্যবহৃত ID এবং সেই বাহ্যিক পরিষেবার গোপনীয়তা সম্পর্কিত সেটিংসের উপর নির্ভর করে, ব্যবহারকারী অংশীদারকে প্রকাশের অনুমতি দেয়া তথ্য সংগ্রহ করা হতে পারে।

3 ব্যক্তিগত তথ্য ব্যবহারের উদ্দেশ্য

AEON এবং ASSC, ব্যবহারকারী কর্তৃক AEON বা ASSC এর নিকট প্রদান করা ব্যক্তিগত তথ্য, নিম্নলিখিত ব্যবহারের উদ্দেশ্যের পরিসীমার মধ্যে অথবা সেই সংগ্রহ করা পরিস্থিতিতে সুস্পষ্ট ব্যবহারের উদ্দেশ্যের পরিসীমার মধ্যে ব্যবহার করে, ব্যবহারকারীর সম্মতি প্রদান করা, অ্যাপের ব্যবহারের শর্তাবলী ইত্যাদিতে আলাদাভাবে নির্দিষ্ট করা অথবা আইন ও বিধিমালা দ্বারা অনুমোদিত হওয়ার ক্ষেত্র ছাড়া, অন্যান্য উদ্দেশ্যে ব্যবহার করবে না

(1) কারখানা, স্টোর, অফিস ও অন্যান্য জায়গায় কর্মরত ব্যক্তিদের সম্পর্কিত ব্যক্তিগত তথ্য ব্যবহারের উদ্দেশ্য

- কর্মস্থলের কাজের পরিবেশের জরিপ, গবেষণা ও বিশ্লেষণ
- কর্মস্থলের কাজের পরিবেশের তথ্য সংগ্রহ
- কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করা
- তথ্য বিশ্লেষণ ফলাফল প্রদান করা
- কর্মচারীর আচরণ সম্পর্কে পরামর্শ প্রদান করা
- ব্যবহারকারীদের সাথে যথাযথ এবং সাবলীল যোগাযোগ বজায় রাখা

(2) ব্যবহারকারীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (নিচে, "সংশ্লিষ্ট প্রতিষ্ঠান" নামে উল্লিখিত।), অন্যান্য ব্যবসায়িক অংশীদার (নিচে, "ব্যবসায়িক অংশীদার" নামে উল্লিখিত।) এবং একই প্রকৃতির শিল্প প্রতিষ্ঠানের (নিচে, "একই প্রকৃতির শিল্প প্রতিষ্ঠান" নামে উল্লিখিত।) সাথে সম্পর্কিত তথ্য ব্যবহারের উদ্দেশ্য

- ব্যবহারকারীর কর্মস্থলের কাজের পরিবেশের জরিপ, গবেষণা ও বিশ্লেষণ
- ব্যবহারকারীর কর্মস্থলের কাজের পরিবেশের তথ্য সংগ্রহ
- ব্যবহারকারীর কর্মস্থলের নিরাপত্তা নিশ্চিত করা
- তথ্য বিশ্লেষণ ফলাফল প্রদান করা
- ব্যবসায়িক অংশীদারদের কর্মকাণ্ড সম্পর্কে পরামর্শ প্রদান করা
- সরকারী অফিস এবং সদস্য সংগঠনগুলোর নিকট বিজ্ঞপ্তি ও প্রতিবেদন
- যথাযথ এবং সাবলীল যোগাযোগ
- পত্রিকা ও ওয়েবসাইটে অংশগ্রহণ

4 আউটসোর্স

অয়ন এবং এএসএসসি অংশীদার সংস্থাগুলিতে ব্যক্তিগত ডেটা হ্যান্ডলিংকে আউটসোর্স করতে পারে। তবে আউটসোর্স করা ব্যক্তিগত তথ্য, আউটসোর্স করা কাজ সম্পাদনের জন্য সর্বনিম্ন প্রয়োজনীয় তথ্যের মধ্যে সীমাবদ্ধ রাখা হবে।

5 একটি তৃতীয় পক্ষ দ্বারা সরবরাহিত

AEON এবং ASSC, ব্যবহারকারীর পূর্ব সম্মতি অথবা আইন ও বিধিমালা দ্বারা অনুমোদিত হওয়ার ক্ষেত্র ছাড়া, ব্যক্তিগত তথ্য তৃতীয় পক্ষের (আউটসোর্সিং সাবকন্ট্রাক্টর ছাড়া) নিকট প্রদান করবে না।

6 শেয়ার করে ব্যবহার করা

AEON এবং ASSC, ব্যক্তিগত তথ্য নির্দিষ্ট ব্যক্তির সাথে ভাগ বা শেয়ার করলে, ব্যবহারকারীদের আগাম অবহিত করবে অথবা ব্যবহারকারী জানতে পারে এমন একটি অবস্থায় রাখবে।

7 তথ্য স্থানান্তর

(1) AEON এবং ASSC, ব্যক্তিগত তথ্য, জাপান ছাড়া অন্য দেশ থেকে, ASSC এর জাপানের অফিসে স্থানান্তর করতে পারে। EU এবং যুক্তরাজ্যের মধ্যকার অন্যান্য দেশ / অঞ্চলের কারখানা, স্টোর, অফিস ও অন্যান্য জায়গা থেকে, ASSC এর জাপানের অফিসে ব্যক্তিগত তথ্যের স্থানান্তর, জাপান কর্তৃক অর্জিত পর্যাপ্ততার শংসাপত্র ভিত্তিতে করা হবে।

(2) AEON এবং ASSC, EU এবং যুক্তরাজ্যের মধ্যকার অন্যান্য দেশ / অঞ্চল থেকে পর্যাপ্ততার শংসাপত্রের ভিত্তিতে প্রাপ্ত ব্যক্তিগত ডেটা বিদেশের কোনও তৃতীয় পক্ষকে সরবরাহ করার ক্ষেত্রে, নিম্নলিখিতগুলির (1) থেকে (3) পর্যন্ত সবগুলোর জন্য প্রযোজ্য হওয়ার ক্ষেত্র ছাড়া, ঐ ব্যক্তির সম্মতি প্রদানের সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় স্থানান্তরের গন্তব্যের পরিস্থিতি সম্পর্কে তথ্য প্রদান করার পর, বিদেশের কোনও তৃতীয় পক্ষকে ব্যক্তিগত ডেটা সরবরাহের ব্যাপারে স্বীকৃতি প্রদানে ব্যক্তির আগাম সম্মতি গ্রহণ করবে।

① এই ধরণের তৃতীয় পক্ষ, ব্যক্তির অধিকার ও স্বার্থ সংরক্ষণ সম্পর্কে, জাপানের সমান স্তরের স্বীকৃত ব্যক্তিগত তথ্য নিরাপত্তা ব্যবস্থা আছে এমন দেশ হিসাবে বিধিমালা দিয়ে নির্দিষ্ট করা দেশে অবস্থান করলে

② ব্যক্তিগত তথ্য পরিচালনা বা নিয়ন্ত্রণকারী ব্যবসা প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত ডেটা গ্রহণকারী তৃতীয় পক্ষের মধ্যে, এই ধরণের তৃতীয় পক্ষ কর্তৃক ব্যক্তিগত ডেটা পরিচালনার ক্ষেত্রে, উপযুক্ত এবং যৌক্তিক পদ্ধতির (চুক্তি, অন্যান্য প্রতিশ্রুতিবদ্ধ চুক্তি বা কর্পোরেট গ্রুপের প্রতিশ্রুতিবদ্ধ পরিচালনা বা নিয়ন্ত্রণ) মাধ্যমে, ব্যক্তিগত তথ্য নিরাপত্তা আইন এবং একই স্তরের ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা সম্পর্কিত ব্যবস্থা সহযোগিতার মাধ্যমে বাস্তবায়ন করা হলে

③ ব্যক্তিগত তথ্য নিরাপত্তা আইনের অনুচ্ছেদ 23 এর ধারা 1 এর প্রতিটি বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হলে

8 ব্যক্তিগত ডেটা পরিচালনা

(1) ডেটার বিষয়বস্তুর সঠিকতা নিশ্চিত করা

AEON এবং ASSC, ব্যক্তিগত ডেটার ক্ষেত্রে, ব্যবহারের উদ্দেশ্য অর্জনের জন্য প্রয়োজনীয়

পরিসীমার মধ্যে, সঠিক এবং সর্বশেষ বিষয়বস্তুর মধ্যে বজায় রাখার পাশাপাশি, আর ব্যবহারের প্রয়োজন না হলে এই ধরণের ব্যক্তিগত ডেটা মুছে ফেলার চেষ্টা করবে।

(2) নিরাপত্তা নিয়ন্ত্রণ ব্যবস্থা

AEON এবং ASSC, ব্যক্তিগত ডেটার ফাঁস হওয়া, হারিয়ে যাওয়া বা ক্ষতিগ্রস্থ হওয়া রোধ করা এবং অন্যান্য নিরাপত্তা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

(3) কর্মচারীর তদারকি

AEON এবং ASSC, ব্যক্তিগত ডেটা কর্মচারীদের দ্বারা পরিচালনার বিষয়ে ব্যক্তিগত তথ্য সঠিকভাবে পরিচালনার জন্য প্রচার চালানোর পাশাপাশি সঠিক শিক্ষা দান করে, প্রয়োজনীয় এবং উপযুক্ত তদারকি করবে।

(4) আউটসোর্সিং সাবকন্ট্রাক্টরের তদারকি

AEON এবং ASSC, ব্যক্তিগত তথ্যের নিয়ন্ত্রণ বা পরিচালনা আউটসোর্স করার ক্ষেত্রে, আউটসোর্সিং সাবকন্ট্রাক্টরের জন্য নিরাপত্তা নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণকারী সাবকন্ট্রাক্টর নিযুক্ত করে, আউটসোর্সিং সাবকন্ট্রাক্টরের প্রয়োজনীয় এবং উপযুক্ত তদারকি করবে।

9 প্রক্রিয়াজাতকরণের ভিত্তি

AEON এবং ASSC, কেবলমাত্র নিম্নলিখিত ক্ষেত্রে ব্যক্তিগত ডেটা সংগ্রহ এবং ব্যবহার করবে। আইনগত ভিত্তি নিম্নরূপ।

(1) ব্যবহারকারী তার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াজাতকরণের জন্য সম্মতি দিলে।

(2) ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইনের পরিষেবা প্রদান করে, ব্যবহারের উদ্দেশ্য অর্জনের জন্য প্রক্রিয়াজাতকরণের প্রয়োজন হলে।

(3) AEON এবং ASSC এর মান্য করা উচিত, এমন আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য প্রক্রিয়াজাতকরণ প্রয়োজনীয় হলে।

(4) AEON, ASSC বা একটি তৃতীয় পক্ষ দ্বারা অনুসৃত বৈধ স্বার্থের জন্য প্রক্রিয়াজাতকরণের প্রয়োজন হলে। "বৈধ স্বার্থ" বলতে ব্যক্তিগত ডেটা ব্যবহার করে, অনুচ্ছেদ 3 এর ব্যবহারের উদ্দেশ্য পূরণ করা, অথবা, তথ্য সংগ্রহ করে, ব্যবহারের উদ্দেশ্য পূরণ করার ক্ষেত্রে অবদান রাখাকে বোঝায়। তবে, ব্যবহারকারীর বিশেষত শিশুরা ডেটা বিষয়বস্তু হওয়ার ক্ষেত্রে ব্যক্তিগত ডেটার নিরাপত্তা দাবি করার মৌলিক অধিকার এবং স্বাধীনতাকে, এই অধিকারের চাইতে অগ্রাধিকার দেওয়ারা ক্ষেত্র, এর ব্যতিক্রম হবে।

(5) জনস্বার্থ অথবা AEON বা ASSC কে প্রদত্ত সরকারি কর্তৃত্ব অনুশীলনের জন্য কাজ সম্পাদনের জন্য প্রক্রিয়াজাতকরণের প্রয়োজন হলে।

10 সংরক্ষিত ব্যক্তিগত ডেটা সম্পর্কিত গ্রহণ

(1) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটার ব্যবহারের উদ্দেশ্য অবহিত করার জন্য অনুরোধ করা হলে, নিম্নলিখিত ক্ষেত্র ছাড়া, অবিলম্বে অবহিত করা হবে।

ক ব্যবহারকারীকে শনাক্তকারী সংরক্ষিত ব্যক্তিগত ডেটার ব্যবহারের উদ্দেশ্য সুস্পষ্ট হলে

খ ব্যবহারকারী বা তৃতীয় পক্ষের জীবন, দেহ, সম্পত্তি বা অন্যান্য অধিকার ও স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকলে

গ AEON বা ASSC এর অধিকার বা বৈধ স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকলে

ঘ জাতীয় প্রতিষ্ঠান বা স্থানীয় সরকার আইন ও বিধিমালা দ্বারা নির্ধারিত সরকারী কাজ সম্পাদন করার জন্য সহযোগিতা করা প্রয়োজন হলে এবং এই সরকারী কাজ সম্পাদনে বাধা প্রদানের ঝুঁকি থাকলে

(2) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটার প্রকাশ করার জন্য অনুরোধ করা হলে, নিম্নলিখিত ক্ষেত্র ছাড়া, অবিলম্বে অবহিত করা হবে।

ক ব্যবহারকারী বা তৃতীয় পক্ষের জীবন, দেহ, সম্পত্তি বা অন্যান্য অধিকার ও স্বার্থ কক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকলে

AEON বা ASSC এর কাজের যথাযথ অনুশীলনে উল্লেখযোগ্যভাবে বাধা প্রদানের ঝুঁকি থাকলে

গ আইন লঙ্ঘন করা হলে

(3) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটা সংশোধন, সংযোজন, মুছে ফেলার অনুরোধ করা হলে, নিম্নলিখিত ক্ষেত্র ছাড়া, অবিলম্বে অনুসন্ধান চালিয়ে, ব্যবহারকারীর সাথে যোগাযোগ করা হবে।

(4) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটার ব্যবহার স্থগিত করা বা মুছে ফেলার অনুরোধ করা হলে, অনুরোধের কোন কারণ আছে বলে প্রমাণিত হলে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(5) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটার প্রক্রিয়াজাতকরণকে সীমাবদ্ধ করার জন্য অনুরোধ করা হলে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(6) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে সংরক্ষিত ব্যক্তিগত ডেটা সংগঠিত করে, সাধারণভাবে ব্যবহার করে, অথবা মেশিনে পাঠযোগ্য ফরম্যাটে গ্রহণ করার অনুরোধ করা হলে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া, ব্যবহারকারী বা তার প্রতিনিধি, এই ডেটা, AEON বা ASSC এর হস্তক্ষেপ ছাড়া, অন্য একজন তত্ত্বাবধায়কের কাছে স্থানান্তর করার অধিকার রয়েছে।

(7) ব্যবহারকারী বা তার প্রতিনিধির কাছ থেকে, AEON বা ASSC বা তৃতীয় পক্ষ দ্বারা অনুসৃত বৈধ স্বার্থের উদ্দেশ্যে প্রক্রিয়াজাতকরণের প্রয়োজনের ভিত্তিতে নিজের ব্যক্তিগত ডেটার প্রক্রিয়াজাতকরণের ব্যাপারে আপত্তি উত্থাপন করা হলে, যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(8) ব্যবহারকারীর, ব্যবহারকারীর সাথে সম্পর্কিত আইনগত পরিণাম বয়ে আনা বা এই ব্যবহারকারীর জন্য একই ধরণের উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে, এমন প্রোফাইলিং এর মত শুধুমাত্র স্বয়ংক্রিয় প্রক্রিয়াজাতকরণের ভিত্তিতে নেয়া সিদ্ধান্ত গ্রহণ না করার অধিকার রয়েছে।

(9) পূর্ববর্তী আটটি ধারার জন্য অনুরোধ করার ক্ষেত্রে, 13 তে বর্ণিত আমাদের কাউন্টারে দয়া করে প্রেরণ করুন। গ্রহণ করা ব্যক্তিগত তথ্য, ব্যবহারকারীর অনুরোধে সাড়া প্রদানের উদ্দেশ্যে ব্যবহার করে, যথাযথভাবে সংরক্ষণ করা হবে। দয়া করে মনে রাখবেন যে, চালান এবং সংযুক্ত নথি বা ডকুমেন্ট ফেরত দেওয়া হবে না।

11 বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য সম্পর্কে

AEON এবং ASSC, আইন ও বিধিমালার ভিত্তিতে ব্যক্তিকে সনাক্তকরণ বা ব্যক্তিগত তথ্য পুনরুদ্ধার করতে না পারার জন্য সঠিক পদ্ধতি অনুসারে প্রক্রিয়াজাত বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য হস্তগত করে, বিশ্লেষণ, জরিপ ইত্যাদির জন্য ব্যবহার করা ছাড়াও, কাজের জন্য প্রয়োজনীয় পরিসরে, এই তথ্য বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য হিসাবে স্পষ্ট করার পরে, তৃতীয় পক্ষের নিকট তা প্রদান করা অব্যাহত রাখা হতে পারে। EU এবং যুক্তরাজ্যের মধ্যকার অন্যান্য দেশ / অঞ্চল থেকে পর্যাপ্ততার শংসাপত্রের ভিত্তিতে প্রাপ্ত ব্যক্তিগত ডেটার ক্ষেত্রে, ASSC প্রক্রিয়াজাতকরণ পদ্ধতির (প্রসেসিং মেথড) মত তথ্য (বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য তৈরি করার জন্য ব্যবহৃত ব্যক্তিগত তথ্য থেকে মুছে ফেলা বিবরণ ও ব্যক্তি শনাক্তকরণ কোডের পাশাপাশি প্রক্রিয়াজাতকরণ পদ্ধতির সাথে সম্পর্কিত তথ্যকে (সেই তথ্যটি ব্যবহার করে ঐ ধরণের ব্যক্তিগত তথ্য পুনরুদ্ধার করতে পারা বস্তুর মধ্যে সীমাবদ্ধ) বোঝায়। ) মুছে ফেলার মাধ্যমে বেনামী ব্যক্তিকে পুনরায় শনাক্ত করাকে যে কারো জন্য অসম্ভব করে তোলবে। প্রদান করা বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত ব্যক্তি সম্পর্কিত তথ্যের বিষয় এবং বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্যের প্রদান করার পদ্ধতি নিম্নরূপ।

(1) তৈরি করা বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য

লিঙ্গ, বয়স ইত্যাদির মত তথ্য

পরামর্শের বিষয়বস্তু সম্পর্কিত তথ্য

(2) কোনও তৃতীয় পক্ষকে সরবরাহ করা বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য

(i) কোনও তৃতীয় পক্ষকে সরবরাহ করা বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত ব্যক্তি সম্পর্কিত তথ্যের বিষয়

লিঙ্গ, বয়স ইত্যাদির মত তথ্য

পরামর্শের বিষয়বস্তু সম্পর্কিত তথ্য

(ii) বেনামী প্রক্রিয়াজাতকরণ তথ্য প্রদান করার পদ্ধতি

সঠিকভাবে অ্যাক্সেস নিয়ন্ত্রণকারী সার্ভার, স্বতন্ত্র ইমেল, বা ডাক বা কুরিয়ারের মাধ্যমে প্রদান করা

12 ব্যক্তিগত তথ্য সংরক্ষণের সময়কাল

AEON বা ASSC, শুধুমাত্র ব্যবহারকারীর অ্যাকাউন্ট থাকলেই, ব্যবহারকারীর ব্যক্তিগত ডেটা সংরক্ষণ করবে। AEON বা ASSC, অ্যাকাউন্ট মুছে ফেলার অনুরোধ পাওয়ার পরেও, নিরাপত্তা বা এবং জালিয়াতি প্রতিরোধের উদ্দেশ্যে প্রয়োজনে নির্দিষ্ট ব্যবহারকারীর ডেটা সংরক্ষণ করে রাখতে পারে।

13 যোগাযোগ করা বা অভিযোগ নিষ্পত্তির কাউন্টার

The Global Alliance for Sustainable Supply Chain

AEON ব্যবসায়িক অংশীদারদের জন্য হটলাইন সচিবালয়
〒：211-0006
সিন মারুকো রুম 202, তোয়া সিটি কর্পস, 1-653 মারুকোদোরি, নাকাহারা-কু,
কাওয়াসাকি-শি, কানগাওয়া
টেলিফোন: 0120-916-429 (প্রতিনিধি)
টেলিফোন গ্রহণের সময়: 9:00 থেকে 17:00 পর্যন্ত
(তবে শনিবার, রবিবার, জাতীয় ছুটি এবং প্রতিষ্ঠানের ছুটি ব্যতিরকে।)
ই-মেইল：voice_aeon@g-assc.org

14 গোপনীয়তা নীতি সংশোধন সম্পর্কে

AEON এবং ASSC, এই নীতিমালার বিষয়বস্তু যথাযথভাবে পর্যালোচনা করে, প্রয়োজন হলে পরিবর্তন করতে পারে। সেক্ষেত্রে সংশোধিত গোপনীয়তা নীতিটি সংশোধিত সংস্করণ প্রকাশের তারিখ থেকে প্রয়োগ করা হবে।

প্রয়োগের তারিখ 2020 সালের 15 ডিসেম্বর